# ইমাম গায্যালী গার্লস স্কুল এন্ড কলেজ,পাবনা

## ৬ষ্ঠ শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি ২০২৬

তারিখ ১৪/১১/২০২৫ খ্রি.

**এতদ্বারা শিক্ষার্থী, অভিভাবক, সংশ্লিষ্ঠ সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ শিক্ষাবর্ষে ইমাম গায্যালী গার্লস স্কুল এন্ড কলেজ,পাবনায় ৬ষ্ঠ শ্রেণিতে লটারী প্রক্রিয়ায় অনলাইন আবেদনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে। নিম্নে ভর্তি বিষয়ক বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।**

**ভর্তির আবেদন শুধু মাত্র অনলাইনে https://gsa.teletalk.com.bd এই ঠিকানায় পাওয়া যাবে। সম্পূর্ন সরকারি সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২১/১১/২০২৫ খ্রি. সকাল ১১:০০টা থেকে শুরু হয়ে ০৫/১২/২০২৫ খ্রি. । বিকাল ৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে।**

২০২৬ শিক্ষাবর্ষে সরকারী ভাবে ভর্তির আবেদন ফি ১০০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি প্রেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

**শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া সম্পুর্ন্ন হবে। লটারির তারিখ- ১২/১২/২০২৫**

| **৬ষ্ঠ শ্রেনীর জন্য** |
|---|
| জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ ধরে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কাঙ্খিত শিক্ষাবর্ষের ০১ জানুয়ারি তারিখে শিক্ষার্থীর সর্বনিম্ন বয়স ০৫ বছর এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ ০৭ বছর পর্যন্ত হবে। (যেমন: ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ০৫ বছর হবে অর্থাৎ সর্বনিম্ন জন্ম তারিখ হবে ০১ জানুয়ারি ২০২১ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ০৭ বছর পর্যন্ত অর্থাৎ জন্ম তারিখ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত)। পরবর্তী শ্রেণিসমূহে বয়স নির্ধারণের বিষয়টি প্রথম শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ধারাবাহিকভাবে প্রযোজ্য হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বয়স নির্ধারণে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের অতিরিক্ত সুবিধা দেয়া যাবে। <br> **যেমন- ৬ষ্ঠ শ্রেনীর ছাত্রীর বয়স ৩১/১২/২০১৩ থেকে ০১/০১/২০১৬ এর মধ্যে হতে হবে। যাতে ২০২৬ সালে তার বয়স ১০ বছর হয়। এর কম বয়স হলে তাদের ৬ষ্ঠ শ্রেনীতে আবেদন করার প্রয়োজন নাই।** |

২১/১১/২০২৫ ইং তারিখ হতে ০৫/১২/২০২৫ ইং তারিখ বিকেল ৫ টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে।

অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়ামাবলী www.dshe.gov.bd এর secondarz circular/order ও https://gsa.teletalk.com.bd ওয়েব সাইট হতে জানা যাবে ।

**নিজ প্রতিষ্ঠানের ৫ম শ্রেনীর শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করতে হবে না । বার্ষিক পরিক্ষার ফলাফল ভালো করতে হবে। ২৩ নভেম্বর থেকে ফর্ম নিয়ে আগামী ৩০ নভেম্বর এর মধ্যে সকল কাগজ পত্র সহ জমা দিতে হবে। কোন প্রকার অসমাপ্ত আবেদন ফর্ম জমা নেয়া হবে না।**

| ক্র. | নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ভর্তি ফর্ম জমা দেয়ার সময় নিম্ন বর্ণিত নির্দেশনা সমূহ অনুসরণ করতে হবে। |
|---|---|
| ০১ | ভর্তি ফরমের সাথে শিক্ষার্থীর ০২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। |
| ০২ | শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধনের ফটোকপি জমা দিতে হবে ( বাংলা ও ইংরেজী) ২ কপি করে। |
| ০৩ | মূল ছাড়পত্র জমা দিতে হবে। |
| ০৪ | ভর্তি ফরমের সাথে প্রার্থীর পিতামাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে |
| ০৫ | ভর্তি ফরম পূরণের সময় স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা সঠিকভাবে উল্লেখ করতে হবে |
| ০৬ | ভর্তি ফরম পূরণের সময় ফোন বা ২ টি মোবাইল নম্বর সঠিকভাবে উল্লেখ করতে হবে। যাতে উক্ত নম্বরে অভিভাবকের সাথে যোগাযোগ করা যায়। |
| ০৭ | প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্কুল ড্রেস পড়া ০২ কপি ছবি জমা দিতে হবে। |
| ০৮ | ২ জন অভিভাবকের ষ্ট্যাম্প সাইজ ছবি দিতে হবে। শুধু মাত্র যারা শিক্ষার্থীর সাথে যোগাযোগ ও ছুটি হলে স্কুল থেকে নিতে পারবে ( মা-বাবা হলে ভালো হয়)। |

*** নিদিষ্ট সময়ের মধ্যে আবেদন ফর্ম গ্রহন ও জমা না দিলে পরবর্তীতে আসন সংখ্যা শূন্য দেখিয়ে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের দিয়ে আসন সংখ্যা পূর্ণ করা হবে। পরবর্তীতে ভর্তি হবাব দাবী করার সুযোগ থাকবে না।

****** ৭ম, ৮ম ও ৯ম শ্রেনিতে ভর্তির কোন সুযোগ নাই।*********

সুরাইয়া সুলতানা
অধ্যক্ষ
ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজ,পাবনা।